# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 29 June, 2025

'প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনি সময়, এ শ্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও গাছের চারা বিতরণ করা হয়েছে।রোববার সকালে সদর উপজেলার গান্না এলাকার আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজে পিকেএসএফ'র সহযোগীতায়  এ অনুষ্ঠানের আয়োজন করে রুরাল রিকস্ট্রাকশন ফাউন্ডেশন (আরআরএফ)।গান্না পরিবেশ ক্লাবের সভাপতি নায়েব আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়।বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা নূর-এ নবী, আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোস্তফা শাহিদ।অনুষ্ঠান পরিচালনা করেন পরিবেশ ও আরইসিপি কর্মকর্তা বাপ্পী কুমার অধিকারী।

সেসময় বক্তারা, প্লাস্টিক পণ্য বা প্লাস্টিক ফুল ব্যবহার বন্ধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।একই সাথে পরিবেশবান্ধব উৎপাদন সামগ্রী ব্যবহারের উপর জোর আলোকপাত করেন।

বিশ্ব পরিবেশ দিবস ঝিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 05:50

URL: https://www.timestodaybd.com/across-the-country/3910775807